প্রসঙ্গ পঞ্চবিংশতি

প্রসঙ্গ-পঞ্চবিংশতি

ড° অতুল সুর

সাহিত্যলোক
৩২/৭ বিডন স্ট্রীট। কলিকাতা-৬

প্রথম প্রকাশ : মাঘ ১৩৬৫, জানুয়ারি ১৯৫৮

প্রচ্ছদ : মৌলিনাথ চক্রবর্তী

প্রকাশক : শ্রীনেপালচন্দ্র ঘোষ
সাহিত্যালোক। ৩২/৭ বিডন স্ট্রীট। কলিকাতা-৬

মুদ্রক : শ্রীনেপালচন্দ্র ঘোষ
বঙ্গবাণী প্রিণ্টার্স। ৫৭-এ কারবালা ট্যাঙ্ক লেন। কলিকাতা-৬

প্রসঙ্গ-সূচী

প্রথম বিদ্রোহী নারী

শাশুড়ি-বৌয়ে বচসা। আজ থেকে দেড়শ' বছর আগেকার ঘটনা। বৌ স্বামীগৃহ ত্যাগ করে এসে শহরের এক বাড়ির চিলে-কোঠায় আশ্রয় নিয়েছে। শাশুড়ি ঠাকরুন এসেছেন বৌমাকে তিরস্কার করতে। বৌয়ের কথা শুনে তিনি ঠাণ্ডা হয়ে গেলেন। শাশুড়ি-বৌয়ে সেই শেষ দেখাদেখি। এর পর জীবনে আর কোনদিন কেউ কারুর মুখ দেখেনি।

সালটা হচ্ছে ১৮৩২ খ্রীস্টাব্দ। শাশুড়ি ঠাকরুন সিঁড়ি বেয়ে, হন হন করে ওপরে উঠে এলেন, চিলে কোঠার দরজার সামনে। হাঁপিয়ে পড়েছেন। একটু বিশ্রাম করে নিয়ে চিলে কোঠার দরজায় দিলেন টোকা। টোকার শব্দ শুনে বৌমা দিলেন দরজা খুলে। বৌমার বেশ দেখে তিনি চমকে উঠলেন। পুরুষালী বেশ। পরনে পুরুষের ট্রাউজার ও পায়ে পুরুষের বুট জুতা। বৌমার চোখে-মুখে ঝলসে পড়ছে অবজ্ঞা ও বিদ্বেষের আগুন।

শাশুড়ি ঠাকরুন বৌমাকে জিজ্ঞাসা করলেন—'বৌমা, তুমি স্বামীর ঘর ছেড়ে এখানে এসে বাস করছ কেন?'

উত্তর এল—'আমার স্বামী এটাই পছন্দ করেন। তার পক্ষে এটাই সুবিধা-জনক ব্যবস্থা।'

শাশুড়ি ঠাকরুন আবার শুধালেন—'বৌমা, শুনছি তুমি নাকি একখানা বই লিখছ, এবং শীঘ্রই সেটা ছাপাবে?'

'হ্যাঁ, মা, আপনি ঠিকই শুনেছেন।'

'তবে তোমায় কিন্তু আমি বলে রাখছি, দেখ, বইয়ের মলাটের ওপর আমাদের পরিবারের নাম ছেপে, আমাদের পরিবারের সুনাম ও মর্যাদা নষ্ট কর না।'

'মোটেই না, সেটা আপনি বিন্দুমাত্র ভাববেন না, আমি আমার নিজের স্বকীয় নাম উদ্ভাবন করে নেব।'

এই নারীই হচ্ছে জগতের প্রথম বিদ্রোহী নারী। নারীজাতির স্বাধীনতার জন্য ইনিই প্রথম মুক্তির ঝাণ্ডা তুলেছিলেন।

সেই ১৮৩২ খ্রীস্টাব্দেই তিনি বের করলেন তাঁর প্রথম উপন্যাস। মলাটের